# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৯]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৩: পুণ্যের পথ অনেক

(13) ـ باب بيان كثرة طرق الخير.

আরবী

الثالث والعشرون: عن عدي بن حاتم رضي الله عنه قال: سمعت النبي صلى الله عليه وسلم يقول: " اتقوا النار ولو بشق تمرةٍ" (متفق عليه) .
وفي رواية لهما عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: " ما منكم من أحد إلا سيكلمه ربه ليس بينه وبينه ترجمان فينظر أيمن منه فلا يرى إلا ما قدم، وينظر أشأم منه فلا يرى إلا ما قدم، ينظر بين يديه فلا يرى إلا النار تلقاء وجهه، فاتقوا النار ولو بشق تمرة، فمن لم يجد فبكلمة طيبةٍ".

বাংলা

২৩/১৪৩। আদী ইবনু হাতেম রাদিয়াল্লাহু 'আনহু বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ''তোমরা জাহান্নাম থেকে বাঁচো; যদিও খেজুরের এক টুকরো সাদকাহ করে হয়!'' (বুখারী-মুসলিম)

উক্ত আদী হতে বুখারী-মুসলিমের অন্য এক বর্ণনায় আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''তোমাদের প্রত্যেকের সঙ্গে তার প্রতিপালক কথা বলবেন; তার ও তাঁর মাঝে কোনো আনুবাদক থাকবে না। (সেখানে) সে তার ডানদিকে তাকাবে, সুতরাং সেদিকে তা-ই দেখতে পাবে যা সে অগ্রিম পাঠিয়েছিল এবং বামদিকে তাকাবে, সুতরাং সেদিকেও নিজের কৃতকর্ম দেখতে পাবে। আর সামনে তাকাবে, সুতরাং তার চেহারার সামনে জাহান্নাম দেখতে পাবে। অতএব তোমরা জাহান্নাম থেকে বাঁচো; যদিও খেজুরের এক টুকরো সাদকাহ করে হয়। আর যে ব্যক্তি এরও সামর্থ্য রাখে না, সে যেন ভাল কথা বলে বাঁচে।''[1]

## English

(13) Chapter: Numerous ways of doing Good

'Adi bin Hatim (May Allah be pleased with him) reported:
I heard the Prophet (ﷺ) saying, "Protect yourself from (Hell) Fire, by giving

of half of a date (in charity)".

[Al-Bukhari and Muslim].

In another narration 'Adi bin Hatim (May Allah be pleased with him) reported Messenger of Allah (ﷺ) as saying: "Allah will surely speak with everyone of you without an interpreter. He (the man) will look at his right side and will see nothing but (the deeds) which he had done before, and he will look to his left side and will see nothing but (the deeds) which he had done before. Then he will look in front of him and will find nothing but Hell-fire facing him. So protect (yourselves) from (Hell) Fire, by giving in charity even half a date; and if he does not finds it, then with a kind word".

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬০২৩, ১৪১৩, ৩৫১৫, ৬৫৩৯, ৬৫৬৩, ৭৪৪৩, ৭৫২২, মুসলিম ১০১৬, নাসায়ী ২৫৫২, ২৫৫৩, আহমাদ ১৭৭৮২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22444

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন